**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা ৪৩/২০১৮-১৯**
**ঢাকা, সোমবার ৩ সেপ্টেম্বর ২০১৮, ১৯ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

**১।** **ধর্মকে ব্যবহার করে সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টির বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান রাষ্ট্রপতির**

**২।** **সংবিধান মেনে যথাসময়ে নির্বাচন হবে : সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী**

**৩।** **অনুমোদন পাচ্ছে দেশের ইতিহাসে দীর্ঘতম পরিকল্পনা ডেল্টা প্ল্যান বা ব-দ্বীপ পরিকল্পনা**

**৪।** **দেশে সব ধর্মের মানুষ নির্বিঘ্নে নিজ নিজ ধর্ম পালন করছে : ঝালকাঠিতে শিল্পমন্ত্রী**

**৫।** **অশুভ শক্তির বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে : ভোলায় জন্মাষ্টমী উৎসবে বাণিজ্যমন্ত্রী**

**৬।** **বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র : সিরাজগঞ্জে এক সমাবেশে স্বাস্থ্যমন্ত্রী**

**৭।** **নির্বাচনকালে সংসদ ভেঙে দেয়ার দাবি নিষ্প্রয়োজন : সেতুমন্ত্রী**

**৮।** **দুর্নীতি ও মাদক নির্মূলে যুব সমাজকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে : তথ্যমন্ত্রী**

**৯।** **ভারতের নয়াদিল্লিতে বিজিবি-বিএসএফ সীমান্ত সম্মেলন আজ**

চলমান পাতা-২

**১। ধর্মকে ব্যবহার করে সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টির বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ধর্মকে ব্যবহার করে কোনো ব্যক্তি বা গ্রুপ যাতে সামাজিক শৃঙ্খলায় বিঘ্ন ঘটাতে না পারে সেজন্য সকল ধর্মের লোকদের আরও সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। জন্মাষ্টমী উপলক্ষে বঙ্গভবনে গতকাল (২ সেপ্টেম্বর রোববার) হিন্দু সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। যদি কেউ আতঙ্ক সৃষ্টির চেষ্টা চালায় তাহলে তাদের বিরুদ্ধে কঠোর সামাজিক প্রতিরোধ গড়ে তোলা এবং একইসঙ্গে জাতীয় উন্নয়ন ও অগ্রগতির ধারা বজায় রাখতে সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**২। সংবিধান মেনে যথাসময়ে নির্বাচন হবে : সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী**

সংবিধান মেনে যথাসময়েই আগামী জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২ সেপ্টেম্বর রোববার) গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ মন্তব্য করে তিনি বলেন, ষড়যন্ত্রকারীরা সক্রিয় আছে। তবে নির্বাচন ঠেকানোর মতো শক্তি কারো নেই। নেপালের রাজধানী কাঠমান্ডুতে অনুষ্ঠিত বিমসটেকের চতুর্থ শীর্ষ সম্মেলনের বিষয়ে জানাতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এ সময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরও দেন তিনি।

ইভিএম বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচনে ইভিএম চাপিয়ে দেওয়া হবে না। তিনি বলেন, ইভিএম হলো একটি নতুন প্রযুক্তি। আমি সবসময় এর পক্ষে ছিলাম, এখনও আছি। তবে এটা তাড়াহুড়া করে চাপিয়ে দেওয়া ঠিক হবে না। কারণ এটা প্র্যাকটিসের ব্যাপার। এ পদ্ধতি আমাদের পরীক্ষা করে দেখতে হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। অনুমোদন পাচ্ছে দেশের ইতিহাসে দীর্ঘতম পরিকল্পনা ডেল্টা প্ল্যান বা ব-দ্বীপ পরিকল্পনা**

অনুমোদন পাচ্ছে দেশের ইতিহাসে দীর্ঘতম পরিকল্পনা ‘ডেল্টা প্ল্যান বা ব-দ্বীপ পরিকল্পনা’। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার প্রেক্ষাপটে এ পরিকল্পনাটি তৈরি করেছে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি)। ২০১৪ সালে প্রকল্পটি বাস্তবায়নের কাজ শুরু হওয়ার প্রায় সাড়ে তিন বছর পর পরিকল্পনাটি অনুমোদন পাচ্ছে। জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) বৈঠকে আগামী মঙ্গলবার (৪ সেপ্টেম্বর) এটি উপস্থাপন করা হবে। প্রধানমন্ত্রী ও এনইসি চেয়ারপার্সন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠেয় ঐ বৈঠকে এটি অনুমোদন দেওয়া হবে বলে জানা গেছে। বৈঠকে পরিকল্পনাটি উপস্থাপন করবেন জিইডির সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

**৪। দেশে সব ধর্মের মানুষ নির্বিঘ্নে নিজ নিজ ধর্ম পালন করছে : ঝালকাঠিতে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল বাংলাদেশকে একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র হিসেবে গড়ে তোলা। সে ধারাবাহিকতা বজায় রাখায় তাঁর কন্যা শেখ হাসিনাকে বারবার হত্যার ষড়যন্ত্র করা হয়েছে। এতে তিনি ভয় না পেয়ে আরও দৃঢ় মনোবল নিয়ে বাঙালি জাতির ভাগ্য উন্নয়নে কাজ করে যাচ্ছেন। তিনি বলেন, বাংলাদেশে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিষ্টান সব ধর্মের মানুষ নিজ নিজ ধর্ম পালন করছে নির্বিঘ্নে। গতকাল (২ সেপ্টেম্বর রোববার) ঝালকাঠি শহরের পোস্ট অফিস সড়কে শ্রী শ্রী মদনমোহন ঠাকুর আখড়াবাড়ি প্রাঙ্গণে জন্মাষ্টমীর উৎসব উপলক্ষে আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৮)।

**৫।	অশুভ শক্তির বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে : ভোলায় জন্মাষ্টমী উৎসবে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, অশুভ শক্তির বিরুদ্ধে একটি শুভ সমাজ গঠনে আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। সেই লক্ষ্যে সবাইকে একত্রে কাজ করতে হবে। গতকাল (২ সেপ্টেম্বর রোববার) ভোলা শহরের বাংলা স্কুল মাঠে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব উপলক্ষে এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৪)।

**৬।	বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র : সিরাজগঞ্জে এক সমাবেশে স্বাস্থ্যমন্ত্রী**

জন্মাষ্টমী উপলক্ষে সিরাজগঞ্জে এক সমাবেশে স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ প্রতিষ্ঠা করা হয়েছে। এ দেশে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের আমলে মুসলিম, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানসহ সকল ধর্মের মানুষ সমান অধিকার নিয়ে নিরাপদে বসবাস করে। কিন্তু একাত্তরের পরাজিত ও স্বাধীনতা-বিরোধীরা নানা ষড়যন্ত্র করে দেশের শান্তিশৃঙ্খলা নষ্টের পাঁয়তারা করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রতি অবিচল আস্থা রেখে তিনি দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখার আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.১)।

**৭।	নির্বাচনকালে সংসদ ভেঙে দেয়ার দাবি নিষ্প্রয়োজন : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী ৯ সেপ্টেম্বর জাতীয় সংসদের শেষ অধিবেশন বসছে। নির্বাচনের আগে আর কোনো অধিবেশন বসবে না। সে সময় নির্বাচনকালীন সরকার দায়িত্বপালন করবে। সংসদ সদস্যদের কোনো কাজ বা ভূমিকা থাকবে না। এ কারণে যারা নির্বাচনকালে সংসদ ভেঙে দেওয়ার কথা বলছেন, তাদেরকে বলব এসব নিয়ে কথা বলার কোনো প্রয়োজন নেই। গতকাল (২ সেপ্টেম্বর রোববার) রাজধানীর পলাশীতে শুভ জন্মাষ্টমীর র‌্যালিপূর্ব সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক. ৪), **সমকাল** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

**৮।	দুর্নীতি ও মাদক নির্মূলে যুব সমাজকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে : তথ্যমন্ত্রী**

যুব সমাজের প্রতি আহ্বান জানিয়ে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশকে সংবিধানের পথে, নির্বাচনের পথে, গণতন্ত্রের পথে, শান্তির পথে ও উন্নয়নের পথে নিয়ে যেতে এবং দুর্নীতি ও মাদক নির্মূলে যুব সমাজকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। তথ্যমন্ত্রী গতকাল (২ সেপ্টেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে জাসদ কার্যালয়ে জাতীয় যুব জোটের ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকীর সম্মেলনে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.২), **অবজারভার** (পৃ.১০,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৯।	ভারতের নয়াদিল্লিতে বিজিবি-বিএসএফ সীমান্ত সম্মেলন আজ**

ভারতের নয়াদিল্লিতে আজ থেকে শুরু হচ্ছে বিজিবি ও বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন। এবার সম্মেলনে সীমান্ত এলাকায় নিরস্ত্র বাংলাদেশি নাগরিকদের গুলি, হত্যা ও আহতের ঘটনা প্রাধান্য পাবে। বাংলাদেশের পক্ষ থেকে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মো. সাফিনুল ইসলাম এর নেতৃত্বে ১৪ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবেন। বাংলাদেশ প্রতিনিধিদলে বিজিবি'র ঊর্ধ্বতন কর্মকর্তারা ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা প্রতিনিধিত্ব করবেন। অন্যদিকে বিএসএফ মহাপরিচালক শ্রী কে কে শর্মা'র নেতৃত্বে ২০ সদস্যের ভারতীয় প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** শেরপুর জেলার শ্রীবরদী পৌরশহরের শতবর্ষী কাচারিপুকুর ময়লা-আবর্জনার ভাগার হওয়ার বিষয় তুলে ধরে বর্তমানসহ ভবিষ্যৎ প্রজন্মকে বাঁচাতে হলে পুকুর-দিঘি-জলাশয়-হ্রদ-নদীসহ সকল মিঠাপানির উৎসকে সর্বাত্মকভাবে রক্ষা করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** রাজধানীর রূপনগর আবাসিক প্রকল্পের দখলকরা লেকসহ সব লেক, খাল, নদী দখলমুক্ত করাসহ উদ্ধার করা জলাশয়গুলো যেন পুনরায় দখল হয়ে না যায় সেজন্য মনিটরিং করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** ক্ষতিকর শব্দদূষণ অব্যাহত থাকলে আগামী পাঁচ বছরের মধ্যে ঢাকার মোট জনসংখ্যার তিন ভাগের এক ভাগ কানে কম শুনবে বলে প্রকাশিত গবেষণার ফলাফল তুলে ধরে শব্দদূষণ আইন কঠোরভাবে প্রয়োগের সুপারিশ।

ঘ. **প্রথম আলো, ইনকিলাব :** রাজধানীতে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রকোপ বাড়ায় এডিস মশা নিধনে দুই সিটি করপোরেশনসহ সব পক্ষকেই সক্রিয় হওয়ার আহ্বান।

ঙ. **যুগান্তর :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে যুগোপযোগী করতে সংস্থাটিকে উচ্চশিক্ষা কমিশনে রূপ দেওয়ার প্রস্তাবিত আইন পাস হওয়ার আগে এর দুর্বল ধারাগুলো সংশোধন করার সুপারিশ।

চ. **বণিক বার্তা : '**ডাবল এ ফোর' কাগজ আমদানির পরিবর্তে বালি ও মাটি আসার ঘটনা তুলে ধরে বিভিন্ন মূল্যহীন পণ্যের চালান আনাসহ অর্থপাচারের সংশ্লিষ্টতা খতিয়ে দেখার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ইথিওপিয়া থেকে আগত ৪৬৮ কেজি নতুন ধরনের মাদক আটকের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে মাদক নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সংস্থাকে তৎপরতা জোরদার করার সুপারিশ।

জ. **ডেইলি সান :** অপরিকল্পিত স্থানে স্থাপিত শিল্পকারখানায় বিদ্যুৎ সংযোগ না দেওয়ার সরকারি সিদ্ধান্ত যথার্থ বলে উল্লেখ করে অপরিকল্পিত এলাকায় ব্যক্তিগত আবাসিক ভবনে এ ধরনের পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঝ. **নিউজ টুডে :** গাইবান্ধার সাঘাটা উপজেলায় সন্তান জন্মের সাথে সাথে গাছ লাগিয়ে নবজাতককে স্বাগত জানানোর ঘটনা তুলে ধরে সারাদেশে প্রতিটি নবজাতককে এভাবে স্বাগত জানানোর পদক্ষেপ ছড়িয়ে দেওয়ার প্রত্যাশা।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সদ্যসমাপ্ত ঈদুল আজহায় দেশের চাহিদা মিটিয়ে কোরবানীর পশু উদ্বৃত্ত থাকায় খামারি ও কৃষকদের গরু লালন-পালনে উৎসাহ দিতে সরকার থেকে সব ধরনের সহায়তা দিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'অনলাইন বাণিজ্যে নারী উদ্যোক্তারা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ই-কমার্সের সুযোগ কাজে লাগিয়ে অনলাইন সেক্টরে নারী উদ্যোক্তাদের সংখ্যা যে হারে বাড়ছে তা দেশের জন্য অবশ্যই ইতিবাচক।

#

শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা